

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১

বিলোনীয়া, ৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

সাধারণ পর্যবেক্ষকের উপস্থিতিতে বিলোনীয়ায় সভা

আসন্ন লোকসভার সাধারণ নির্বাচন ২০২৪ উপলক্ষে ২-ত্রিপুরা পূর্ব (তপ: উপজাতি) লোকসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্র প্রতাপ সিং আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে ভোটের প্রস্তুতি বিষয়ক এক সভা করেন। সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহৃতা ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহা, অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ, নির্বাচন বিষয়ক জেলা পর্যায়ের সকল নোডাল অফিসারগণ, মহকুমা পুলিশ আধিকারিকগণ, সীমান্ত সুরক্ষা বাহিনীর ডেপুটি কমান্ডেন্টগণ এবং নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত অন্যান্য আধিকারিকগণ। সভায় পর্যবেক্ষক জেলার অন্তর্গত পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের ভোটগ্রহণ কেন্দ্রগুলির অবস্থান, দূরত্ব, নিরাপত্তা ব্যবস্থা, ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে লক্ষ পরিকাঠামোগত সুযোগসুবিধা, আইন শৃঙ্খলা পরিস্থিতি, স্ট্রংরুমের নিরাপত্তা ব্যবস্থা, ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন এবং গৃহিত ব্যবস্থায় সন্তোষ প্রকাশ করেন। তিনি ভোটদানের সুযোগ সুবিধা বিশেষত ৮৫ উর্ধ্ব, গর্ভবতী মহিলা, অসুস্থ ব্যক্তি ও বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ভোটদানের সুযোগ সুবিধাগুলি বেশী করে প্রচারে নিয়ে যাওয়ার জন্য সিস্টেমেটিক ভোটার্স এডুকেশান এন্ড ইলেক্ট্রোল পার্টিসিপেশান প্রোগ্রামের উপর গুরুত্ব আরোপ করেন। ভোটগ্রহণ কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা, বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা, র্যাম্প ইত্যাদি নিশ্চিত করতে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের পরামর্শ দেন। পরিশেষে ভোটারগণ যাতে আনন্দে ও স্বষ্টিতে ভোট দিতে পারেন এবং উৎসবের মেজাজে যাতে ভোটপূর্ব সম্পন্ন করা যায় সেদিকে লক্ষ্য রাখার পরামর্শ দেন আরক্ষা ও অন্যান্য আধিকারিকদের। পরে তিনি বিলোনীয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে অবস্থিত ৩৭-খ্যামুখ বিধানসভা কেন্দ্রের স্ট্রংরুম পরিদর্শন করেন ও নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করেন। সাথে ছিলেন জেলাশাসক ও সমাহৃতা, পুলিশ সুপার, বিলোনীয়ার মহকুমা শাসক রিস্কু লেখার ও অন্যান্য আধিকারিকগণ। উল্লেখ্য, দক্ষিণ ত্রিপুরার সাতটি বিধানসভা কেন্দ্রের মধ্যে ৩৭-খ্যামুখ, ৩৮-জোলাইবাড়ি (তপ: উপজাতি), ৩৯- মনু (তপ: উপজাতি) এবং ৪০-সারুম এই চারটি বিধানসভা কেন্দ্র ২-ত্রিপুরা পূর্ব (তপ: উপজাতি) লোকসভা কেন্দ্রের অন্তর্গত।
